১২।

দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 6 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

# 'বিনামূল্যের পাঠ্যবই মজুত ও বিক্রয় নিষিদ্ধ'

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রামের জেলা শিক্ষা অফিসারের কার্যালয় সূত্রে জানানো হইয়াছে, প্রতি বছরের ন্যায় ১৯৯৯ শিক্ষাবর্ষেও সরকারী নীতিমালা অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের মধ্যে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ করার ব্যবস্থা নেওয়া হইয়াছে। এসব বিনামূল্যের পাঠ্যবই অবৈধভাবে সংগ্রহ, মজুদ ও খোলা বাজারে বিক্রয় আইনতঃ নিষিদ্ধ এবং গুরুতর অপরাধ। এসব বইয়ের শেষ প্রচ্ছদে 'বিনামূল্যে বিতরণের জন্য' কথাটি মুদ্রিত আছে। এসব বই পুস্তক বিক্রেতার নিকট বা খোলা বাজারে পাওয়া গেলে তাহাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হইবে বলিয়া সূত্র জানায়। এ ব্যাপারে সকল মহলের সহযোগিতা কামনা করা হইয়াছে।